

১০ম সামিট প্রফেশনাল এবং ২৪তম সামিট কাপ গলফ টুর্নামেন্ট ২০১৯ শুরু

10th SUMMIT PRO & 24th SUMMIT CUP GOLF TOURNAMENT 2019



(ঢাকা) ১৫ই ডিসেম্বর ২০১৯, রবিবার: প্রতিবছরের মতো এবারও আজ থেকে কুর্মিটোলা গলফ ক্লাবে শুরু হয়েছে ১০ম সামিট প্রফেশনাল এবং ২৪তম সামিট কাপ গলফ টুর্নামেন্ট। মোট ছয়দিন ব্যাপী (১৫-২০ ডিসেম্বর, ২০১৯) এবারের টুর্নামেন্টে মোট ৭০০-এরও বেশী অ্যামেচার এবং পেশাদার গলফার অংশগ্রহণ করবে।

এবছর অনুষ্ঠিত গলফ টুর্নামেন্টের পেশাদার গলফারদের প্রতিযোগিতায় বিজয়ীদের পনেরো লক্ষ টাকার সমমূল্যের পুরস্কার দেয়া হবে। বাংলাদেশ প্রফেশনাল গলফারস এসোসিয়েশন (বিপিজিএ) এবং কুর্মিটোলা গলফ ক্লাব (কেজিসি) টুর্নামেন্টটি আয়োজন করছে। সামিট গ্রুপ এই টুর্নামেন্টের টাইটেল স্পন্সর।

আগামী ২০ই ডিসেম্বর পুরস্কার বিতরণী অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেয়া হবে। ১০ম সামিট প্রফেশনাল এবং ২৪তম সামিট কাপ গলফ টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন সেনা কল্যাণ সংস্থার চেয়ারম্যান মেজর জেনারেল ফিরোজ হাসান, এনডিইউ, পিএসসি।

সামিট প্রফেশনাল এবং সামিট কাপ গলফ টুর্নামেন্ট সম্পর্কে বিস্তারিত:

কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (সিএসআর) কার্যক্রমের অংশ হিসেবে সামিট গ্রুপ বাংলাদেশে শিক্ষা, স্বাস্থ্য, শিল্প-সংস্কৃতি, ক্রীড়াসহ বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখছে। ক্রীড়া ক্ষেত্রে অবদান স্বরূপ সামিট প্রফেশনাল এবং সামিট কাপ গলফ টুর্নামেন্ট আয়োজনের মাধ্যমে গত দু'দশকেরও বেশী সময় ধরে দেশে গল্ফ খেলাটিকে জনপ্রিয় করার চেষ্টা করে যাচ্ছে প্রতিষ্ঠানটি। ঢাকা ক্যান্টনমেন্টের কুর্মিটোলা গলফ ক্লাবের সবুজের সমারোহে আয়োজিত এই টুর্নামেন্টে এ পর্যন্ত উল্লেখযোগ্যসংখ্যক দেশী-বিদেশী গলফার অংশ নিয়েছেন।

মিডিয়া অনুসন্ধানের জন্য যোগাযোগ করুন:

মোহসেনা হাসান। ইমেইল: mohsena.hassan@summit-centre.com । মোবাইল: ০১৭১৩ ০৮১৯০৫।

বিস্তারিত জানতে ভিজিট করুন: <https://summitpowerinternational.com/corporate-social-responsibility> এবং সামিটের ফেইসবুক, টুইটার, লিংকডইন অনুসরণ করুন